ইন্ডিয়ান ব্যাঙ্ক
इंडियन बैंक
Indian Bank
এলাহাবাদ इलाहाबाद ALLAHABAD

(ভারত সরকারের অধীনস্থ)
সার্কল অফিস:

রেফা: PNB/Comalda/HRD/ADV/2/1 তারিখ: ০১.১২.২০২১ মালদা

# সাব–অর্ডিনেট ক্যাডারে পার্ট টাইম সুইপার নিয়োগের বিজ্ঞপ্তি

মালদা সার্কলে আমাদের ব্রাঞ্চ/অফিসে সাব-অর্ডিনেট ক্যাডারে পার্ট টাইম সুইপার পদে নিয়োগের জন্য নিম্নলিখিত বিশদ তথ্য অনুযায়ী যোগ্য নাগরিকদের থেকে দরখাস্ত আমন্ত্রণ করা হচ্ছে:

শিক্ষাগত যোগ্যতা: সার্বিক ১০ম শ্রেণি/মান অনুত্তীর্ণ কোনও সর্বনিম্ন যোগ্যতা নেই এবং এমনকি নিরক্ষর ব্যক্তিও পিটিএস পদে নিয়োগের যোগ্য।

বয়সসীমা: ০১.০৭.২০২১ তারিখের ভিত্তিতে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বাধিক ২৪ বছর।

বয়সের উর্দ্ধসীমায় ছাড়: তফসিলি জাতি/উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৫ বছর: তফসিলি জাতি/উপজাতি এবং শারীরিক/অস্থিগত প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৫ বছর; ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে ৩ বছর: ওবিসি এবং শারীরিক/অস্থিগত প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৩ বছর; শারীরিক/অস্থিগত প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০ বছর; প্রাক্তন সেনাকর্মীদের ক্ষেত্রে ৩ বছর (সেনায় কর্মমেয়াদের অতিরিক্তরূপে) এবং ১৯৮৪ সালের দাঙ্গায় নিহতদের সন্তান/পরিবারের সদস্যদের ক্ষেত্রে ৩ বছর। সরকারি নির্দেশিকায় সংস্থান না-থাকলে সব ছাড় মিলিয়ে বয়স সর্বাধিক ৪৫ বছরের বেশি হওয়া চলবে না।

মাসিক ভাতা: বেসিক পে-স্কেলের এক-তৃতীয়াংশ (₹১৪,৫০০/- থেকে ₹ ২৮,১৪৫/-)— অন্যান্য ভাতা

স্থায়ী বাসিন্দা: যোগ্য প্রার্থীদের কেবলমাত্র যে জেলার জন্য শূন্যপদ বিজ্ঞাপিত/প্রকাশিত হয়েছে, সেই জেলার (অর্থাৎ, হুগলি জেলা) স্থায়ী অধিবাসী হতেই হবে।

শারীরিক সক্ষমতা: প্রার্থীরা বিভিন্ন সময়ে ব্যাঙ্কের তরফে নির্ধারিত বয়ানে স্বীকৃত সরকারি হাসপাতালের সিভিল সার্জেন অপেক্ষা নিম্নতর পদাধিকারী নন এমন মেডিক্যাল অফিসার দ্বারা জারিকৃত মেডিক্যাল সার্টিফিকেট অফ ফিটনেস জমা দেবেন। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা জেনারেল মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেটের পাশাপাশি স্বীকৃত সরকারি হাসপাতাল দ্বারা জারিকৃত সার্টিফিকেটও জমা দেবেন যেখানে প্রতিবন্ধকতার প্রকৃতি এবং শতকরা হার উল্লেখ করা থাকতে হবে।

শূন্যপদের খতিয়ান

| জেলা | মোট শূন্যপদ | অসংরক্ষিত | তফশিলি জাতি | তফসিলি উপজাতি | ওবিসি | ইডব্লিউএস | সমান্তরাল সংরক্ষণ |
|---|---|---|---|---|---|---|---|
| মালদা | ১৬ | ০৭ | ০৪ | ০১ | ০২ | ০২ | এইচআই (বধির): ১ |
| উত্তর দিনাজপুর | ০২ | ০১ | ০০ | ০০ | ০১ | ০০ | |
| দক্ষিণ দিনাজপুর | ০৩ | ০১ | ০১ | ০০ | ০১ | ০০ | |

যে সমস্ত নথির স্ব-স্বাক্ষরিত প্রতিলিপি দরখাস্তের সঙ্গে দিতে হবে, সেগুলি নিম্নরূপ:

(১) শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র; স্কুল লিভিং সার্টিফিকেট

(২) ঠিকানা এবং পরিচয়ের প্রমাণপত্র;

(৩) উপযুক্ত কর্তৃপক্ষের (কালেক্টর ইত্যাদি) তরফে জারি করা জেলার আবাসিকতার শংসাপত্র (ডোমিসাইল সার্টিফিকেট);

(৪) প্রযোজ্য হলে তহসিলদারের তরফে জারিকৃত শ্রেণিভুক্তির শংসাপত্র (কাস্ট সার্টিফিকেট) (ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে নন-ক্রিমি লেয়ার ক্লজ উল্লেখ করা সর্বশেষ কাস্ট সার্টিফিকেট জমা দিতে হবে);

(৫) ডিসচার্জ বুক (সব পৃষ্ঠা) পিপিও, আইডিকার্ড, এলপিসি, প্রাক্তন সেনা ও প্রাক্তন সেনায় ভরণ পোষণ হলে, জেলা সৈনিক ওয়েলফেয়ার বোর্ড-এর শংসাপত্র।

(৬) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন কার্ড (রেজিস্টার্ড হয়ে থাকলে);

(৭) সর্বশেষ শ্রেণিতে পাঠগ্রহণের শংসাপত্র ইত্যাদির মতো অন্যান্য শংসাপত্র;

(৮) ইউবিইএস (আর্থিকভাবে দুর্বলতর অংশ) শ্রেণির অধীনে আবেদনকারী প্রার্থীর উপার্জন এবং পরিসম্পদের শংসাপত্র যা নিম্নলিখিত যে কোনও একটি কর্তৃপক্ষের তরফে জারিকৃত হওয়া আবশ্যক: ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট/অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট/কালেক্টর/ডেপুটি কমিশনার/অ্যাডিশনাল ডেপুটি কমিশনার/ফার্স্ট ক্লাস স্টাইপেন্ডিয়ারি ম্যাজিস্ট্রেট/সাব ডিভিশনাল ম্যাজিস্ট্রেট/তালুক ম্যাজিস্ট্রেট/এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/এক্সট্রা অ্যাসিস্ট্যান্ট কমিশনার/চিফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট/অ্যাডিশনাল চিফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট/প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট/রেভিনিউ অফিসার (তহসিলদার অপেক্ষা নিম্নতর পদমর্যাদার হলে চলবে না)/প্রার্থী এবং/বা প্রার্থীর পরিবার সাধারণভাবে যেখানকার অধিবাসী, সেই এলাকার সাব-ডিভিশনাল অফিসার।

(৯) জেলা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নথিভুক্তি/জেলা সৈনিক কল্যাণ পর্ষদ (হলে)

এ৪ কাগজে উপরোক্ত যোগ্যতামান পূরণকারী প্রার্থীরা যথাযথভাবে স্বাক্ষরিত ও পূরণ করা দরখাস্ত পাঠাবেন যার মধ্যে দরকারি তথ্যগুলি দেওয়া থাকতে হবে: (১) আবেদনকারীর নাম: ব্লক অক্ষরে (২) পিতা/স্বামীর নাম: (৩) স্থায়ী ঠিকানা (৪) মোবাইল নং (৫) ইমেল (৬) শিক্ষাগত যোগ্যতা (প্রমানপত্র সহ) (৭) শ্রেণি: (প্রমাণপত্র সহ) (৮) জন্ম তারিখ (৯) বয়স (০১.০৭.২০২১-এ) (১০) প্যান নম্বর: (১১) ডান দিকে ওপরে স্বপ্রত্যায়িত পাসপোর্ট ছবি দিন (১২) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড (থাকলে) (১৩) পূর্ণ স্বাক্ষর ও তারিখ

দ্রষ্টব্য: সব ডকুমেন্ট দিতেই হবে আবশ্যিকভাবে

প্রার্থীবাছাই পদ্ধতি: কোনও ইন্টারভিউ হবে না। পিটিএস পদে প্রার্থীবাছাই করা হবে কেবলমাত্র প্রার্থীদের বয়স এবং শিক্ষাগত সূচকের নিরিখে। যে সকল প্রার্থীর দরখাস্ত বিবেচনা করা হবে না, তাঁদের প্রতি কোনও বার্তা পাঠানো হবে না। অনুমোদিত প্রার্থীদের তালিকা সার্কল অফিসের নোটিসবোর্ডে প্রদর্শিত হবে। বাছাই প্রক্রিয়ার যে কোনও পর্যায়ে যে কোনও দরখাস্ত বাতিলের অধিকার ব্যাঙ্কের থাকবে, এমনকি যদি এমনটা পাওয়া যায় যে কোনও প্রার্থী নির্ধারিত যোগ্যতামান পূরণ করেননি এবং/বা তিনি ভুল/মিথ্যা তথ্য/শংসাপত্র/নথি জমা করেছেন এবং/বা বাস্তব ঘটনা লুকিয়েছেন, সেক্ষেত্রে নির্বাচিত হওয়ার পরেও তাঁর প্রার্থীপদ বাতিলের অধিকার ব্যাঙ্কের থাকবে। প্রার্থীবাছাই সম্পর্কিত বিষয়ে ব্যাঙ্কের সিদ্ধান্তই চূড়ান্ত ও অবশ্য পালনীয় হিসেবে বিবেচিত হবে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও পর্যায়ে প্রার্থী নিয়োগ প্রক্রিয়াটি বাতিলের অধিকার ব্যাঙ্কের থাকবে।

অন্যান্য তথ্য: নির্ধারিত তারিখের পরে জমা পড়া/অসম্পূর্ণ দরখাস্ত এবং/বা প্রয়োজনীয় নথিপত্রবিহীন দরখাস্তগুলি বাতিল করা হতে পারে। 'সাব-অর্ডিনেট ক্যাডারে পার্ট টাইম সুইপার নিয়োগ ২০২১-২২' শীর্ষাঙ্কিত এবং প্রার্থীর শ্রেণি (কাস্ট) উল্লেখ করা একটি বড় খামে দরকারি নথি, পাসপোর্ট মাপের ছবি এবং নিজের নাম-ঠিকানা লেখা ও উপযুক্ত মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম ভরে কেবলমাত্র রেজিস্টার্ড পোস্ট/স্পিড পোস্টের মাধ্যমে পাঠাতে হবে এই ঠিকানায়: ডেপুটি সার্কল হেড-সাপোর্ট (চিফ ম্যানেজার), এইচ আর ডি ডিপার্টমেন্ট, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সার্কল অফিস মালদা, নজরুল সরণি, ইংলিশবাজার থানার কাছে, ২য় তল, মালদা-৭৩২১০১। হাতে করে বা সাধারণ ডাকে পাঠানো কোনও দরখাস্ত গ্রহণ করা হবে না। দরখাস্তগুলি গ্রহণের শেষ তারিখ ও সময় হল ১৫.১২.২০২১, বিকেল ৫.০০টা।

স্থান: মালদা ডেপুটি সার্কল হেড